

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৭ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ সেলিম রেজা
 উপজেলা নির্বাহী অফিসার
 জীবননগর, চুয়াডাঙ্গা।
 স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
 তারিখঃ ২০-০৯-২০১৭ খ্রিঃ
 সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভায় কাজ শুরু করেন। সভায় বিভিন্ন বিভাগীয় প্রধান, প্রতিষ্ঠানের কম্পিউটার শিক্ষকবৃন্দ, উপজেলা আইসিটি টেকনিশিয়ান ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন। দেশের অফিস আদালত, ব্যবসা-বাণিজ্য, শিক্ষা ব্যবস্থাসহ সর্বক্ষেত্রে ডিজিটাল পদ্ধতির প্রয়োগের গুরুত্ব এবং এর সুফল সম্পর্কে সভায় গুরুত্বারোপ করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান সম্পর্কে সভাকে অবহিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনাসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/অগ্রগতি
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য	উপজেলা ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে অনেক সরকারী অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ নেই মর্মে সভাকে অবহিত করা হয়। প্রতিটা অফিসের ওয়েব পোর্টালের হালনাগাদ করনের কাজ করছেন সহকারী প্রোগ্রামার, জীবননগর, চুয়াডাঙ্গা।	উপজেলা সকল সরকারী অফিস ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিদিন কমপক্ষে ০৫টি করে অফিস হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, ইউডিসির উদ্যোক্তা, আইসিটি টেকনিশিয়ান
০২	ইউডিসি'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড	ইউডিসি'র আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় - ৮ট ইউনিয়ন আপলোড করে কিন্তু তা অনিয়মিত। উথলী, বাঁকা ও সীমান্ত ইউডিসি'র উদ্যোক্তা বলেন যে, তার ডিজিটাল সেন্টারে ইন্টারনেট নেটওয়ার্কিং সমস্যা আছে। নেটওয়ার্ক সমস্যার কারণে প্রতিদিন নিয়মিতভাবে আপলোড করা যায় না। সে কারণে বাধ্য হয়ে একদিনের কাজ আর একদিন করতে হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলি যথাযথভাবে পরিচালনা করতে হলে সর্বাত্মক যথাযথ নেটওয়ার্কিং নিশ্চিত করা প্রয়োজন। সকল সদস্য উক্ত বক্তব্যের সাথে একমত পোষণ করেন।	আয় ও সেবা প্রদান সম্পর্কে তথ্য নিয়মিত আপলোড করতে হবে। নেটওয়ার্কিং সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জেলা প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।	সহকারী প্রোগ্রামার সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ ও টেকনিশিয়ান
০৩	সরকারী ই-মেইল ব্যবহার	সকল সরকারী দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউডিসিসমূহ কর্তৃক প্রতিদিন অফিস শুরু ও শেষ এর সময় অন্তত দুইবার সরকারী ই-মেইল চেক করার বিষয়ে নির্দেশনা আছে।	উক্ত নির্দেশনা অনুসরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, টেকনিশিয়ান ও উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান, টেকনিশিয়ান ও উদ্যোক্তাগণ
০৪	উপজেলা আইসিটি সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা উপস্থিতি	আইসিটি টেকনিশিয়ান ও ইউডিসি উদ্যোক্তাগণই মূলতঃ পোর্টালে তথ্য আপলোড করার কাজ করে থাকেন। সে কারণে উপজেলা আইসিটি কমিটির সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা উপস্থিতি আবশ্যিক মর্মে সভায় অভিমত ব্যক্ত করেন।	উক্ত বক্তব্যের সাথে সকল সদস্য সভায় একমত পোষণ করেন। উপজেলা আইসিটি কমিটির সভায় টেকনিশিয়ান ও উদ্যোক্তা নিয়মিত উপস্থিতি থাকবেন।	টেকনিশিয়ান সংশ্লিষ্ট উদ্যোক্তা (সকল)

মান্টিমিডিয়া ক্লাসরুম যথাযথভাবে পরিচালনা।	শিক্ষা প্রতিষ্ঠানে মান্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন, মান্টিমিডিয়া ক্লাস পরিচালনা বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, প্রতি প্রতিষ্ঠানে প্রতিদিন কমপক্ষে ৫টি মান্টিমিডিয়া ক্লাস পরিচালনা এবং মান্টিমিডিয়া ক্লাস সম্পর্কে ড্যাসবোর্ডে তথ্য উপস্থাপনের নির্দেশ আছে। এ বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে মর্মে মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন।	নির্দেশনা মোতাবেক মান্টিমিডিয়া ক্লাস নিয়মিত ভাবে পরিচালনা করতে হবে এবং ডাস বোর্ডে তথ্য উপস্থাপন করতে হবে। এ কাজ যথাযথভাবে করা হচ্ছে কিনা বিষয়টি তদারকি করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।
০৬ শেখ রাসেল ডিজিটাল ল্যাবের তথ্য প্রেরণ	শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য রায়পুর স্কুলে ৩৭৫জনকে ও কাশীপুর মাধ্যমিক বিদ্যালয়ে ২৯০ জনকে ট্রেনিং দেওয়া হয়েছে এবং তার রিপোর্ট পাওয়া গিয়াছে।	আরো বেশী ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার, জীবননগর, চুয়াডাঙ্গা।


20/12/19

(মোঃ সেলিম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।
unajibannagar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

নংঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.৪৮.০০৮.১৭- ২৪৪৭


তারিখ : ২২-১০-২০১৭খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :-

- ১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো :-

- ৪। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৫। উপজেলা.....কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৬। চেয়ারম্যান,.....ইউ/পি, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৭। প্রধান শিক্ষক,.....কলেজ/বিদ্যালয়।
- ৮। উদ্যোক্তা.....ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জীবননগর।


22/10/19

(মোঃ সেলিম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।
unajibannagar@mopa.gov.bd